



বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ

BANGLADESH INLAND WATER TRANSPORT AUTHORITY

Website: www.biwta.gov.bd

বিআইডব্লিউটিএ ভবন, ১৪১-১৪৩ মতিঝিল বানিজ্যিক এলাকা, পোস্ট বক্স নং-৭৬, ঢাকা-১০০০, বাংলাদেশ।
BIWTA BHABAN, 141-143, MOTIJHEEL C/A, POST BOX 76, DHAKA-1000, BANGLADESH

৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় কর্মপরিকল্পনা প্রণয়ন সংক্রান্ত প্রতিবেদন

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম পরিকল্পনা ২০২২-২০২৩ এর কার্যক্রম নং-১.৪ এ ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বিষয়ভিত্তিক কর্মশালা আয়োজনের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। কার্যক্রম নং-১.৪ এর আওতায় কর্মসম্পাদন সূচক নং-১.৪.১ এ আগামী ৩১/১০/২০২২ তারিখের মধ্যে ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে এবং উক্ত সূচকের মান ০৪ (চার) নির্ধারিত রয়েছে। এ বিষয়টি বাস্তবায়নের লক্ষ্যে আগামী ২০৩০ সাল পর্যন্ত স্বল্প, মধ্যম এবং দীর্ঘ মেয়াদী একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। প্রাথমিকভাবে কর্মশালা/প্রশিক্ষণ আয়োজনের মাধ্যমে ৪র্থ শিল্প বিপ্লব ও এর সম্ভাব্য প্রযুক্তিসমূহ সম্পর্কে ধারণা প্রদান করা হবে। এরপর প্রযোজ্য ক্ষেত্রে নির্ধারিত হারে অথবা সংখ্যার বিবেচনায় আওতাধীন সকল সংস্থার কর্মপরিকল্পনা প্রণয়ন, 4IR প্রযুক্তি ব্যবহার উপযোগী সেবাসমূহ বিহিতকরণ, বাস্তবায়নের দায়িত্ব প্রদান, পাইলটিং, শোকেসিং/কর্মশালা/মতবিনিময় সভার আয়োজন এবং পূর্ণমাত্রায় বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হবে।

(আনোয়ার পারভেজ)

প্রোগ্রামার, আইসিটি বিভাগ

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ